# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**(প্রেস বিজ্ঞপ্তি)** **১৫ জানুয়ারী ২০২৩ খ্রি.**

**বিভাগীয় প্রধানদের সাথে মতবিনিময় সভায় ভারপ্রাপ্ত মেয়র**

## নাগরিক সমস্যা চিহ্নিত করে দ্রুত সমাধান করতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে (চসিক) জনবান্ধব ও স্বনির্ভর প্রতিষ্ঠানে পরিণত করার আহবান জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) ভারপ্রাপ্ত মেয়র আব্দুস সবুর লিটন।

আজ রবিবার সকালে নগর ভবনের সম্মেলন কক্ষে চসিকের বিভাগীয় প্রধানদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে নিজের আয় বাড়াতে হবে এবং সেবাগ্রহীতাদের আরো ভালো সেবা প্রদানের মাধ্যমে জন-আস্থা অর্জন করতে হবে। নগর পরিচ্ছন্ন রাখার পাশাপাশি রাস্তাঘাট চলাচল উপযোগী এবং আলোকায়ন করতে হবে।

এসময় তিনি চসিকের বিভিন্ন বিভাগ ও শাখার চলমান কার্যক্রম ও প্রতিকুলতা সম্পর্কে আলোচনা করে বলেন, নাগরিক সমস্যাগুলো চিহ্নিত করে দ্রুত সমাধান করতে হবে। তিনি কর্পোরেশনের উন্নয়ন কাজ আরো দৃশ্যমান করতে সকলকে মনোযাগী হওয়ার আহ্বান জানান।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব ও ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা খালেদ মাহমুদের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মুনিরুল হুদা, আবু ছালেহ, ঝুলন কুমার দাশ, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মো. হুমায়ুন কবির চৌধুরী, উপ-সচিব আশেক রসুল চৌধুরী টিপু, ভারপ্রাপ্ত প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মো. রেজাউল করিম, স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন, শিক্ষা কর্মকর্তা উজালা রাণী চাকমা, নির্বাহী প্রকৌশলী ফরহাদুল আলম, শাহিনুল ইসলাম, মির্জা ফজলুল কাদের, মো. রেজাউল বারী ভূঁইয়া, আনোয়ার জাহান ও জয়সেন বড়ুয়া।

ভারপ্রাপ্ত মেয়র আরো বলেন, চট্টগ্রাম শহরে প্রচুর পাহাড় থাকায় বৃষ্টি হলেই পাহাড়ের মাটি এসে নালাগুলো ভরাট হয়ে যায়। এর ফলে দুটি সমস্যা তৈরি হয়। একদিকে জলাবদ্ধতা হয়ে মানুষের ঘর-বাড়ি ডুবে যায়। অন্যদিকে বৃষ্টির পানি জমে মশা বৃদ্ধি পায়। আমরা বর্ষার আগেই নালাগুলো পরিষ্কার করে ফেললে এ দুটি সমস্যা থেকেই সমাধান পেতে পারি। এসময় তিনি সড়ক আলোকায়নের উপর গুরুত্বারোপ করেন।

চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মানোন্নয়নে পদক্ষেপ নেয়ার বিষয়ে ভারপ্রাপ্ত মেয়র বলেন, আজকের শিশুরাই আগামীর বাংলাদেশের নেতৃত্ব দিবে। এজন্য সিটি কর্পোরেশন পরিচালিত যেসব শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক সংকট আছে সেগুলোতে দ্রুত নিয়োগদান করতে হবে। পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানগুলো যাতে নিজ আয়ের উপর ভালোভাবে চলতে পারে সে ব্যাপারে দ্রুত পদক্ষেপ নিতে হবে।

তিনি আরো বলেন, চসিককে স্বনির্ভর হতে হলে রাজস্ব কার্যক্রমকে আধুনিকায়ন ও সহজ করতে হবে। সহনীয় পর্যায়ে গৃহকর নির্ধারণ করে নাগরিকসেবা বৃদ্ধি করতে হবে। যাতে জনগণ নিজেই কর দিতে আগ্রহী হয় এবং সেবায় সন্তুষ্ট থাকে।

মেয়র গোল্ডকাপ টুর্নামেন্টের উদ্বোধনকালে ভারপ্রাপ্ত মেয়র

## শারীরিক ও মানসিক বিকাশের জন্য খেলাধুলার বিকল্প নেই

লাল-নীল বেলুন উড়িয়ে বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমে মেয়র গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করলেন চসিক ভারপ্রাপ্ত মেয়র আব্দুস সবুর লিটন। উদ্বোধনকালে তিনি বলেন, শারীরিক ও মানসিক বিকাশের জন্য খেলাধুলার বিকল্প নেই। যুবসমাজকে জঙ্গীবাদ, মাদক ও সন্ত্রাস থেকে রক্ষা করতে খেলাধুলা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে বলে চসিক বরাবরই বিভিন্ন ক্রীড়া টুর্নামেন্টের আয়োজন করে।

রবিবার বিকেলে চসিকের বাকলিয়া স্টেডিয়ামে মেয়র গোল্ডকাপ টুর্নামেন্ট উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, চট্টগ্রামের ক্রীড়াঙ্গণের রয়েছে গৌরবোজ্জ্বল সাফল্য। মেয়র গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্ট ও মেয়র গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টসহ চট্টগ্রামে সম্প্রতি অনেক খেলাধুলার আয়োজন করা হয়েছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী শিশু-কিশোরদের প্রতিভা বিকাশের জন্য প্রতিটি ওয়ার্ডে খোলার মাঠ ও মিনি পার্ক স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। যা অচিরেই বাস্তাবায়ন হতে যাচ্ছে। ভারপ্রাপ্ত মেয়র এই ধরণের ক্রিকেট টুনামেন্ট সহ নানা ধরণে খেলা ধুলার আয়োজন অব্যাহত থাকবে বলে জানান।

বক্সির হাট ওয়ার্ড কাউন্সিলর হাজী নুরুল হকের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চসিক ক্রীড়া ষ্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর মো. আতাউল্ল্যাহ চৌধুরী, কাউন্সিলর নুর মোস্তাফা টিনু, গোলাম মোহাম্মদ জোবায়ের, ক্রীড়া একাদশের আলী আকবর, প্রশিক্ষক মসুম চৌধুরী, হাজী মোজাম্মেল হক, মো. মহিউদ্দিন, বিভাষ বড়ুয়া, পঙ্কজ কান্তি দে, মোখলেছুর রহমান প্রমুখ।

চসিক ভ্রাম্যমান আদালত

## নোংরা ও অপরিচ্ছন্ন পরিবেশে পরিবেশনের দায়ে হোটেল মালিক সহ ০৯ টি ব্যবসা প্রতিষ্ঠান মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৫৪ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তাপ্তি চাক্‌মার নেতৃত্বে আজ বরিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানে নগরীর এ কে খান মোড় হতে অলংকার মোড় পর্যন্ত ফুটপাতের উপর অবৈধভাবে গড়ে তোলা দোকান-পাট উচ্ছেদ পূর্বক রাস্তা ও ফুটপাতের জায়গা অবৈধ দখলমুক্ত করে সর্বসাধারনের চলাচলের জন্য উম্মুক্ত করে দেওয়া হয়। এই সময় সর্বসাধারণের চলাচলের রাস্তা ফুটপাত ও নালার জায়গায় দখল করে ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি এবং নোংরা ও অপরিচ্ছন্ন পরিবেশে খাবার রান্না ও পরিবেশনের দায়ে ০৬টি হোটেল মালিক সহ ০৯ টি ব্যবসা প্রতিষ্ঠান মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৫৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, র‌্যাব এবং চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩